

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৮৫৪

১২/ ওসীয়াত সম্পর্কে (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ১০৪. ওসিয়াতকারীর জন্য তার মাল হতে যে পরিমান ওসিয়াত করা অবৈধ, সে সম্পর্কে।

باب مَا جَاءَ فِيْمَا لَا يَجُوزُ لِلْمُوصِي فِي مَالِهِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ أَبِي خَلْفٍ، قَالَا حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَامِرِ بْنِ سَعْدٍ، عَنْ أَبِيهِ، قَالَ مَرَضَ مَرَضًا - قَالَ ابْنُ أَبِي خَلْفٍ - بِمَكَّةَ - ثُمَّ اتَّفَقَا - أَشْفَى فِيهِ فَعَادَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي مَالًا كَثِيرًا وَلَيْسَ يَرِثُنِي إِلَّا ابْنَتِي أَفَأَتَصَدَّقُ بِالثُّلُثَيْنِ قَالَ " لَا " . قَالَ فَبِالثُّلُثِ قَالَ " الثُّلُثُ وَالثُّلُثُ كَثِيرٌ إِنَّكَ أَنْ تَتْرَكَ وَرَثَتَكَ أَغْنِيَاءَ خَيْرٌ مِنْ أَنْ تَدْعَهُمْ عَالَةً يَتَكَفَّفُونَ النَّاسَ وَإِنَّكَ لَنْ تُنْفِقَ نَفَقَةً إِلَّا أُجِرْتَ بِهَا حَتَّى اللَّقْمَةَ تَرْفَعُهَا إِلَى فِي امْرَأَتِكَ " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَتُخَلِّفُ عَنْ هِجْرَتِي قَالَ " إِنَّكَ إِنْ تُخَلِّفَ بَعْدِي فَتَعْمَلْ عَمَلًا صَالِحًا تُرِيدُ بِهِ وَجْهَ اللَّهِ لَا تَزْدَادُ بِهِ إِلَّا رِفْعَةً وَدَرَجَةً لَعَلَّكَ أَنْ تُخَلِّفَ حَتَّى يَنْتَفِعَ بِكَ أَقْوَامٌ وَيُضِرَّ بِكَ آخَرُونَ " . ثُمَّ قَالَ " اللَّهُمَّ أَمْضِ لِأَصْحَابِي هِجْرَتَهُمْ وَلَا تُرُدَّهُمْ عَلَى أَعْقَابِهِمْ لَكِنَّ الْبَائِسُ سَعْدُ ابْنِ خَوْلَةَ يَرِثُنِي لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ مَاتَ بِمَكَّةَ " .

বাংলা

২৮৫৪. উছমান ইবন আবী শায়বা ও ইবন আবী খালাফ (রহঃ) আমির ইবন সা'দ (রহঃ) তাঁর পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ একবার তিনি [সা'দ ইবন আবী ওয়াক্কাস (রাঃ)] কঠিন পীড়ায় আক্রান্ত হন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে দেখতে আসেন। সে সময় তিনি জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমার অনেক ধন-সম্পদ আছে কিন্তু একটি কন্যা ব্যতীত আমার আর কোন উত্তরাধিকার নেই। কাজেই আমি কি আমার সম্পদের তিনভাগের দুই ভাগ সাদকা করতে পারি? তখন তিনি বলেনঃ না। তখন তিনি আবার জিজ্ঞাসা করেনঃ আমি অর্ধেক সম্পদ সাদকা দান করতে পারি? তখনও তিনি বলেনঃ না।

পুনরায় তিনি জিজ্ঞাসা করেনঃ আমি তিন ভাগের এক ভাগ কি সাদকা করতে পারি? তখন তিনি বলেনঃ হ্যাঁ, তিন ভাগের এক ভাগ দান করতে পার এবং সাদকার জন্য এক-তৃতীয়াংশই যথেষ্ট। অবশ্য তোমার জন্য তোমার

উত্তরাধিকারদের মালদার অবস্থায় পরিত্যাগ করা উত্তম হবে, তাদের গরিবি হালে কাঙাল করে রেখে যাওয়ার চাইতে, যার ফলে তারা লোকের দুয়ারে ভিক্ষা মাঙতে থাকবে। (আর যে মাল তুমি তোমার পরিবারের জন্য) খরচ করছ, তুমি অবশ্যই তার সওয়াব পাবে। এমন কি তুমি তোমার স্ত্রীর মুখে যে গ্রাস তুলে দাও, তার সওয়াবও তুমি পাবে।

আমি বললামঃ ইয়া রাসূলুল্লাহ্! আমি কি আমার হিজরতের সওয়াব হতে পিছনে পড়ে থাকব? তিনি বললেনঃ আমার হিজরতের পর যদি তুমি মক্কায় থেকেই যাও এবং আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য নেক আমল করতে থাক, তবে এতেও তোমার মর্তবা বুলন্দ হবে। আর সম্ভবত এখানে তোমার অবস্থানের ফলে কিছু লোকের উপকার হবে এবং কিছু লোকের ক্ষতি হবে। অতঃপর তিনি এরূপ দু'আ করেনঃ হে আল্লাহ্! আমার সাথীদের হিজরত পূর্ণ করে দিন এবং তাদেরকে তাদের পিছনের দিকে ফিরাবেন না। কিন্তু ক্ষতিগ্রস্থ হলেন সাঈদ ইবন খাওলা (রাঃ), যার জন্য রাসূলুল্লাহ্ সালাম্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুঃখ প্রকাশ করতেন, তিনি মক্কাতে ইনতিকাল করেন।

English

Narrated 'Amir b. Sa'd:

On the authority of his father (Sa'd b. Abi Waqqas): When he (Sa'd) fell ill at Mecca (according to the version of Ibn Abi Kkalaf) - then the agreed version has: which brought him near to death - the Messenger of Allah (ﷺ) went to visit him. He said: Messenger of Allah, I have a large amount of property, and my daughter is my only heir. May I give two-thirds (of my property) as a sadaqah (charity)? He said: No. He asked: Then a half ? He replied: No. He asked: Then one-third ? He replied: (You may will away) a third and third is a lot. To leave your heirs rich is better than to leave them poor begging from people. You will not spend anything, seeking thereby to please Allah, without being rewarded for it, even the mouthful you give your wife. I said: Messenger of Allah, shall I be left behind form immigration (to Medina)? He said: If you remain behind after me and do good works seeking the pleasure of Allah, your rank will be raised and degree increased. Perhaps you will not remain behind, and some people will benefit from you and others will be harmed by you. He then said: O Allah, complete the immigration of my Companions and do not turn them back. But miserable was Sa'd b. Khawlah. The Messenger of Allah (ﷺ) lamented on him as he died at Mecca.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমির ইবন সা'দ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34962>